ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০১৭

আগরতলা, ২২ সেপ্টেম্বর, ২০২৬

**শিক্ষক-শিক্ষিকাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করতে এনসিইআরটি এর উদ্যোগে পাঁচদিনের কর্মশালা শুরু**

বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, শিক্ষাদানের গুণগতমান উন্নয়ন এবং ছাত্রছাত্রীদের সামগ্রিক বিকাশে আরও কার্যকর ভূমিকা পালনে তাদের আরও সক্ষম করে তুলতে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের ইনডোর হলে পাঁচদিন ব্যাপী প্রশিক্ষণ শিবির আজ থেকে শুরু হয়েছে। ন্যাশন্যাল ইনিশিয়েটিভ ফর স্কুল হেডস এন্ড টিচার্স হোলিস্টিক অ্যাডভান্সমেন্ট (নিষ্ঠা) কর্মসূচিতে এনসিইআরটি এর উদ্যোগে এবং এসসিইআরটি'র সহযোগিতায় আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন এনসিইআরটি'র অধিকর্তা প্রফেসর দিনেশ প্রসাদ সাকলানি। তিনি বোতাম টিপে নিষ্ঠা'র আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের সচিব ড. মিলিন্দ রামটেকে।

কর্মশালার উদ্বোধন করে এনসিইআরটি'র অধিকর্তা বলেন, জাতীয় শিক্ষানীতি সারা দেশের শিক্ষা ব্যবস্থায় নতুন এবং গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গী সৃষ্টি করেছে। জাতীয় শিক্ষানীতির সফল বাস্তবায়ণের জন্য কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষক-শিক্ষিকাদের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে। তিনি বলেন, দূরবর্তী এলাকাগুলিতে শিক্ষার্থীরা প্রকৃতি ও পরিবেশের সঙ্গে একাত্ব হয়ে জ্ঞান অর্জন করে। তাদের সহজ সরল স্বাভাবিক সৃজনশীলতাকে উৎসাহিত করা শিক্ষার অন্যতম উদ্দেশ্য। শিক্ষা ক্ষেত্রে যেকোন কর্মসূচি কার্যকর করে তুলতে নিয়মিত পর্যালোচনা এবং প্রতিক্রিয়া জানা অত্যন্ত গুরুত্বপূর্ন। এই কর্মশালার মাধ্যমে অংশগ্রহণকারীদের মতামত ভবিষ্যতে এই কর্মসূচিকে আরও উন্নত করতে সাহায্য করবে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি বিদ্যালয় শিক্ষা দপ্তরের সচিব ড. মিলিন্দ রামটেকে বলেন, এই কর্মশালায় প্রাথমিক বিদ্যালয় শিক্ষা এবং বিদ্যালয় শিক্ষাকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। বর্তমানে ত্রিপুরা সাক্ষরতার হারে সারা দেশে তৃতীয় স্থানে রয়েছে। তিনি আশা প্রকাশ করেন এই কর্মশালা শিক্ষক-শিক্ষিকাদের পেশাগত দক্ষতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন এসসিইআরটি'র অধিকর্তা এল ডার্লং। নিষ্ঠা বিষয়ে অনুষ্ঠানে আলোচনা করেন এনসিইআরটি'র ডিসিএসএন্ডডি এর প্রধান প্রফেসর রঞ্জনা আরোরা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনসিইআরটি'র ডিটিই এর প্রধান প্রফেসর সরদ সিনহা। অনুষ্ঠানে নিষ্ঠা বিষয়ক স্বল্প দৈর্ঘ্যের একটি তথ্যচিত্র দেখানো হয়।

******